তোমার    রঙিন পাতায় লিখব প্রাণের কোন্ বারতা।
রঙের তুলি পাব কোথা॥
সে রঙ তো নেই চোখের জলে, আছে কেবল হৃদয় তলে,
প্রকাশ করি কিসের ছলে মনের কথা।
কইতে গেলে রইবে কি তার সরলতা॥
বন্ধু, তুমি বুঝবে কি মোর সহজ বলা— নাই যে আমার ছলা-কলা।
সুর যা ছিল বাহির ত্যেজে    অন্তরেতে উঠল বেজে,
একলা কেবল জানে সে যে    মোর দেবতা।
কেমন করে করব বাহির মনের কথা॥

---

Parjaay: Prem

Visit www.geetabitan.com for notation and other detail